



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭



স্মারক নং-শেকুবি/এম-২২(অংশ-১১)/প্রশা:/২০১৯/৪২

তারিখঃ ০৫-০১-২০২২

অফিস আদেশ

উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে যৌন নিপীড়ন প্রতিরোধকল্পে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট ডিভিশনের নির্দেশনার ৯ নং অনুচ্ছেদ অনুযায়ী শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ইতোপূর্বে গঠিত কমিটি বাতিল করত: নিম্নবর্ণিতভাবে “অভিযোগ কমিটি (Complaint Committee)” পুনর্গঠন করা হলো :

ক্রম.	নাম, পদবী ও বিভাগ	কমিটিতে অবস্থান
১.	প্রফেসর ড. লাম ইয়া আসাদ, ডিন, এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, শেকুবি ০১৭১৬-৭০২০৪৭	সভাপতি
২.	প্রফেসর ড. মোঃ সিরাজুল ইসলাম খান, কৃষি রসায়ন বিভাগ, শেকুবি ০১৭৫৫-৪৭৭৫৩৭	সদস্য
৩.	এ্যাড. জালাতুল ফেরদৌস, কো-অর্ডিনেটর, বাংলাদেশ মহিলা আইনজীবী সমিতি মনিকো মিনা টাওয়ার, পশ্চিম আগারগাঁও, ৩, শহীদ সাহাবউদ্দিন সড়ক, ঢাকা-১২০৭	সদস্য
৪.	ড. ছাবেরা ইয়াছমীন, সহকারী প্রক্টর, শেকুবি ০১৭১২-৭৫৬৪৩৩	সদস্য
৫.	ড. রিপন কুমার মন্ডল, সহযোগী অধ্যাপক, কৃষি অর্থনীতি বিভাগ, শেকুবি ০১৭১২-৭৫৩৭৫৩	সদস্য
৬.	মৌলি আজাদ, উপ-পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ও ম্যানেজমেন্ট বিভাগ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা ০১৬২১-২০৭১৬৭	সদস্য
৭.	ড. মোঃ হারুন-উর-রশিদ, প্রক্টর, শেকুবি ০১৭১২-৬১২৫১৭	সদস্য-সচিব

মাননীয় ভাইস-চ্যান্সেলরের অনুমোদনক্রমে,


(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার

বিতরণ (কমিটির সকল সম্মানিত সদস্য):

১. ড. মোঃ হারুন-উর-রশিদ, প্রক্টর, শেকুবি।

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে):

১. পরিচালক, অর্থ ও হিসাব, শেকুবি।
২. অতিরিক্ত রেজিস্ট্রার/ ভিসি মহোদয়ের একান্ত সচিব, শেকুবি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. পিএ টু ট্রেজারার/রেজিস্ট্রার, শেকুবি (ট্রেজারার/রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অফিস নথি/মহানথি।

তারিখ : ১৭.১২.২০১৭ খ্রি:

স্মারক নং- ইউজিসি/প্রশা:/৪(২১৬)/২০০৯/অংশ-২/ ২০২২০

রেজিস্ট্রার
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

বিষয় : উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে যৌন নিপীড়ন প্রতিরোধকল্পে মহামান্য সূপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনের নির্দেশনাসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে যৌন নিপীড়ন প্রতিরোধকল্পে মহামান্য সূপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনের নির্দেশনা অনুযায়ী কমিশন কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন সময়ে দেশের সকল বিশ্ববিদ্যালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন বিশ্ববিদ্যালয়ে যৌন নিপীড়ন প্রতিরোধকল্পে মহামান্য সূপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনের নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না এবং মহামান্য সূপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনের নির্দেশনার ৯ নং অনুচ্ছেদ অনুযায়ী ‘অভিযোগ কমিটি (Complaint Committee)’ গঠন করা হচ্ছে না।

২। মহামান্য সূপ্রীম কোর্টের হাইকোর্ট ডিভিশনের নির্দেশনার ৯ নং অনুচ্ছেদ অনুযায়ী যৌন নিপীড়ন প্রতিরোধকল্পে গঠিত কমিটির নামকরণ হবে ‘অভিযোগ কমিটি (Complaint Committee)’। অভিযোগ কমিটি গঠনের বিষয়ে মহামান্য হাইকোর্ট ডিভিশনের নির্দেশনার অনুচ্ছেদ ৯-এর (খ) ও (গ) নিম্নরূপ :

9 (b) The Complaint Committee will have minimum five members and majority of the members will be women. The head of the Complaint Committee should be a woman, if available.

9 (c) The Complaint Committee should have at least two members from outside the organization concerned, preferably from organizations working on gender issues and sexual abuse.

৩। উপরে উদ্ধৃত 9 (b) অনুযায়ী অভিযোগ কমিটি ন্যূনতম ৫ জন সদস্য নিয়ে গঠিত হবে এবং ৫ সদস্যের মধ্যে ৩ জন নারী হবেন। যদি সম্ভব হয় তবে কমিটির আহ্বায়ক নারী হওয়া বাঞ্ছনীয় এবং 9 (c) অনুযায়ী অভিযোগ কমিটির দুইজন সদস্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাহিরের অন্য প্রতিষ্ঠান থেকে নিতে হবে, যে প্রতিষ্ঠান জেষ্ঠ্য এবং যৌন নিপীড়নের বিরুদ্ধে কাজ করে।

৪। প্রতিটি বিশ্ববিদ্যালয়ে অভিযোগ কমিটির পাশাপাশি যথোপযুক্ত স্থানে কমপ্লেইন বক্স রাখতে হবে।

৫। যৌন হয়রানি সংক্রান্ত অভিযোগ দাখিলের জন্য কমপ্লেইন বক্স স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।

৬। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নবীন বরণসহ বিভিন্ন অনুষ্ঠানে যৌন হয়রানির সংজ্ঞা, কুফল এবং এধরণের অপরাধের শাস্তি সম্পর্কে অবগত করতে হবে।

৭। যতদিন পর্যন্ত এ বিষয়ে উপযুক্ত আইন প্রণয়ন না হবে ততদিন পর্যন্ত সকল সরকারি-বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এবং কর্মক্ষেত্রে এই নীতিমালা অনুসরণ ও পালন করা বাধ্যতামূলক।

৮। এমতাবস্থায়, উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে যৌন নিপীড়ন প্রতিরোধকল্পে মহামান্য হাইকোর্ট ডিভিশনের নির্দেশনার ৯ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী আপনার বিশ্ববিদ্যালয়ে অভিযোগ কমিটি গঠনসহ নির্দেশনার অন্যান্য অনুচ্ছেদ যথাযথভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ’ল। অভিযোগ কমিটি গঠনসহ গৃহীত নির্দেশনার অন্যান্য কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি অতিসত্তর নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ’ল। পত্রের অবশ্যই অভিযোগ কমিটির বিস্তারিত বিবরণ/বর্ণনা দিতে হবে। শুধুমাত্র পদভিত্তিক কমিটির বর্ণনা গ্রহণযোগ্য নয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,


সচিব

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
ফোন: ৯১১৮২০৭

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হ’ল :

- ০১। উপাচার্য মহোদয়, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ০২। একান্ত সচিব (উপ-সচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ০৩। ব্যক্তিগত কর্মকর্তা, সচিব মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ০৪-০৫। নথি-মহানথি।